গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি)প্রকল্প ফেইজ -২ (১ম সংশোধিত)
সমাজসেবা অধিদফতর (৮ম তলা )
ই – ৮ /বি-১ , আগারগাঁও , ঢাকা ।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২২.১১.০১১.২২.২৫৬ তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর এর মাধ্যমে ইউনিসেফ বাংলাদেশের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত সিএসপিবি প্রকল্প, ফেইজ-২ (মেয়াদকাল ডিসেম্বর ২০২৪ পর্যন্ত) এর নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ( যার মেয়াদকাল উন্নয়ন সহযোগী হতে তহবিলের প্রাপ্যতা ও নিয়োগপ্রাপ্তদের performance এর আলোকে নির্ধারণযোগ্য ) বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (Online) cspb.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রম | পদের নাম | বেতন | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাইকো-সোস্যাল কাউন্সেলর | মাসিক বেতন (সাকুল্যে) ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র। | ২১ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সাইকোলজি/ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে স্নাতকোত্তর অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। এ ক্ষেত্রে সাইকোসোস্যাল কাউন্সেলিং/ শিশুসুরক্ষা বিষয়ক কাজে অন্যূন ০৩ (তিন ) বছরের বাস্তব কর্ম-অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে ।<br>খ) বাংলা ও ইংরেজি ভাষায় যোগাযোগ, উপস্থাপনা ও প্রতিবেদন লেখায় দক্ষতা থাকতে হবে।<br>গ) MS Office ও Internet Browsing জ্ঞান থাকতে হবে। |
| ০২ | শিশু সুরক্ষা সমাজকর্মী | মাসিক বেতন (সাকুল্যে) ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র। | ২৮৭ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক / স্নাতকোত্তর ডিগ্রীধারী। তবে সমাজকর্ম /সমাজবিজ্ঞান / সমাজকল্যাণ এবং সমাজবিজ্ঞান সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে ।<br>খ) শিশু অধিকার সনদ , শিশু আইন ও কমিউনিটি ভিত্তিক শিশু সুরক্ষা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।<br>গ) বাংলা ও ইংরেজি ভাষায় যোগাযোগ, উপস্থাপনা ও প্রতিবেদন লেখায় দক্ষতা থাকতে হবে।<br>ঘ) MS Office ও Internet Browsing জ্ঞান থাকতে হবে । |

শর্তাবলী:

১. প্রার্থীর বয়স ৩০/০৯/২০২২ তারিখে সর্বোচ্চ ৩৫ বৎসর ( এসএসসি সনদ অনুযায়ি)।
২. নির্ধারিত সময়ের পর কোন আবেদন এবং অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না।
৩. সরকারি, আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৪. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন অঞ্চলে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে।
৫. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, এসএমএস এবং সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট www.dss.gov.bd এর মাধ্যমে জানানো হবে।
৬. শুধু প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে এবং যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে ।
৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় ডাকা হবে। এ জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না ।
৮. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্র, প্রার্থী যে এলাকার স্থায়ী বাসিন্দা সে এলাকার চেয়ারম্যান/ পৌরমেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধনপত্র, সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবিসহ সকল ডকুমেন্ট/ সনদপত্রের মূলকপি প্রদর্শণ এবং এক সেট ফটোকপি অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে।
৯. ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক পরীক্ষা সংক্রান্ত খরচ বহন করা হবে বিধায় আবেদনকারী কর্তৃক পরীক্ষার ফি বাবদ কোন অর্থ প্রদান করতে হবে না।
১০. কোটা সংক্রান্ত বিষয়ে সরকারের সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হবে ।
১১. সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত হারে বেতন হতে ট্যাক্স কর্তন করা হবে।
১২. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল/ স্থগিত/ পরিবর্তন ও পদসংখ্যা এবং চাকুরীর মেয়াদকাল হ্রাস-বৃদ্ধি করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

**১৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ-কে http://cspb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে হবে।
খ) অনলাইনে আবেদনপত্র জমাদানের সময়কাল ০২/১০/২০২২ (সকাল ১০:০০ ঘটিকা) থেকে ২৩/১০/২০২২ (বিকাল ৫:০০ টা পর্যন্ত)। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র submit করতে পারবেন। বিশেষভাবে উল্লেখ্য অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরপর ২ টি এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন না করা পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ কে অনলাইনে আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

**SMS এর নিয়মাবলী:**

**প্রথম SMS:** CSPB <space> **User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **CSPB ABCDEF**

Reply: Applicant's Name. Your PIN is 12345678. To confirm registration Type CSPB <space>Yes<Space> PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** CSPB <space>**Yes**<Space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: CSPB Yes 12345678

Reply: Congratulation Applicant's Name, registration completed successfully for CSPB Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

- দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।
- SMS এর প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

গ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীকে তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থলে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।
ঘ) অনলাইনে আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
ঙ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
চ) অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant' s copy পাবেন এবং পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে (খ) নং অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে এসএমএস প্রদানপূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন। যদি Applicant' s copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পন্ন কালো/সম্পন্ন সাদা ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্নের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় রেজিস্ট্রেশন সম্পন্নের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant' s copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।
ছ) অনলাইনে আবেদন সফলভাবে submit করার পর প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে।
জ) প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। উল্লেখ্য প্রার্থীদের টেলিটক মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি প্রেরণ করা হবে।
ঝ) শুধুমাত্র টেলিটক মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

১) **User ID জানা থাকলে:** CSPB<space>**Help**<Space>**User**<Space>**User** ID & Send to 16222.
Example: CSPB HELP USER ABCDEF

২) **PIN Number জানা থাকলে:** **CSPB**<space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** & Send to 16222.
৩) Example: **CSPB HELP PIN 12345678**

ঞ) পত্রিকা ছাড়াও সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট www.dss.gov.bd নোটিশবোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dss.gov.bd ওয়েবসাইট এবং নোটিশ বোর্ড হতে জানা যাবে।
ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: CSPB, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।
ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২২/৯/২০২২
মোঃ এমরান খান
সহকারী প্রকল্প পরিচালক
ও
সদস্য সচিব
জনবল নিয়োগ কমিটি-২
সিএসপিবি প্রকল্প, ফেইজ-২
ফোন নম্বর: +৮৮-০২-৫৫০০৬৭৫৫

GA-3612/22 (20x4)